

বাংলাদেশ ফুটবল ফেডারেশন
নির্বাচন কমিশন কার্যালয়, বাফুফে নির্বাচন-২০২০
বাফুফে ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি

বাফুফে নির্বাচন ২০২০ উপলক্ষে প্রার্থীদের মনোনয়নপত্রের ৬ নম্বর ক্রমিকে ‘যে সংস্থা কর্তৃক মনোনীত’ নিয়ে বিভিন্ন সৃষ্টি হয়েছে মর্মে নির্বাচন কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ বিষয়ে কমিশনের ব্যাখ্যা নিম্নে প্রদান করা হলোঃ

‘যে সংস্থা কর্তৃক মনোনীত’ অর্থে প্রার্থী যে সদস্য সংস্থার প্রস্তাবকারী দ্বারা সংশ্লিষ্ট পদে প্রার্থী হওয়ার জন্য মনোনীত হয়েছেন সেই সদস্য সংস্থাকে বুঝাবে। প্রার্থীরা যেহেতু ডেলিগেটের বাইরে থেকেও আসতে পারেন, সেহেতু ৬ নম্বর ক্রমিকের প্রার্থী কোন সদস্য সংস্থা কর্তৃক ডেলিগেট হিসেবে মনোনীত কিনা সে বিষয়কে নির্দেশ করে না। এই ক্রমিকে যে পদের জন্য প্রার্থী সেই পদের জন্য যে সংস্থা কর্তৃক প্রার্থী হওয়ার জন্য মনোনীত সেই প্রস্তাবকারী সদস্য সংস্থার নাম প্রাসঙ্গিক।

প্রসঙ্গত উল্লেখ্য যে, বাফুফে নির্বাচন বিধিমালা ৬(১) ধারা অনুসারে প্রার্থী কোন সদস্য সংস্থার ডেলিগেট হওয়া আবশ্যিক না হলেও মনোনয়ন প্রস্তাবকারী ও প্রার্থীতা সমর্থনকারী উভয়কেই অবশ্যই কোন সদস্য সংস্থা কর্তৃক মনোনীত ডেলিগেট হতে হবে।

প্রার্থী, মনোনয়ন প্রস্তাবকারী এবং প্রার্থীতা সমর্থনকারী তিনজনকেই জাতীয় পরিচয় পত্র অনুসারে নাম ও জন্ম তারিখ প্রদান করতে হবে। কেউ ডাক নাম বা পরিচিত নাম ব্যবহার করতে চাইলে তা মূল নামের পাশে বন্ধনীতে উল্লেখ করতে পারবেন।

আসন্ন ‘বাফুফে নির্বাচন ২০২০’ উপলক্ষে একজন ডেলিগেট কর্তজন প্রার্থীকে মনোনয়ন বা সমর্থন দিতে পারবেন সে মর্মে প্রশ্ন দেখা দিয়েছে। এ প্রসঙ্গে নির্বাচন কমিশনের ব্যাখ্যা নিম্নরূপঃ

একজন ডেলিগেট প্রতি ক্যাটাগরিতে যতটি পদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে তার চেয়ে বেশী পদের জন্য মনোনয়নকারী বা সমর্থনকারী হতে পারবেন না। কোন ক্যাটাগরিতে একই ডেলিগেট কর্তৃক মনোনীত বা সমর্থিত প্রার্থীর সংখ্যা নির্বাচনের জন্য ঘোষিত পদের সংখ্যার চেয়ে বেশী হলে, সেই ক্যাটাগরিতে উক্তক্রম ডেলিগেটের মনোনীত বা সমর্থিত সকল মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।



Abdullah

(মেজবাহ উদ্দীন)
প্রধান নির্বাচন কমিশনার ও রিটার্নিং অফিসার
বাংলাদেশ ফুটবল ফেডারেশন নির্বাচন-২০২০।